

Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 22 April, 2025

নরসিংদীতে প্রবাসফেরত ভাইকে দেখতে বাড়ি আসা সাবেক ছাত্রলীগ নেতা আমির হোসেন সরকারকে (৩০) কুপিয়ে হত্যা করেছে প্রতিপক্ষের লোকজন। আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার আলোকবালীতে এ ঘটনা ঘটে।

আমির হোসেন সদর উপজেলার আলোকবালী ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ডের সদস্য ও ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক। তিনি আলোকবালী গ্রামের আব্দুল হক মিয়ার ছেলে।

পুলিশ ও নিহতের স্বজনেরা জানান, চরাঞ্চলে প্রতিপক্ষের সঙ্গে বিরোধ থাকায় গত ৫ আগস্টের পর থেকে এলাকার বাইরে ছিলেন আমির হোসেন সরকার। নয় বছর পর প্রবাসফেরত ভাইকে দেখতে আজ (মঙ্গলবার) গোপনে বাড়ি আসেন তিনি।

এ সময় প্রতিপক্ষের লোকজন দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে তাঁর ওপর হামলা চালায়। এতে ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন আমির হোসেনসহ আরও একজন। স্বজনেরা গুরুতর আহতাবস্থায় তাঁদের উদ্ধার করে স্পিডবোটে করে সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক আমির হোসেনকে মৃত ঘোষণা করেন।

নদীতে কচুরিপানা থাকায় হাসপাতালে নিতে দেরি হওয়ায় অতিরিক্ত রক্তক্ষরণে তাঁর মৃত্যু হয় বলে জানান স্থানীয়রা। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। মরদেহ সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

নিহতের ভাই সোহরাব মিয়া (২৭) বলেন, ‘সোমবার রাতে আমার বড় ভাই রফিকুল ইসলাম নয় বছর পর মালয়েশিয়া থেকে দেশে আসেন। ঢাকার বিমানবন্দর থেকে রাতে বাসায় নিয়ে আসেন অপর ভাই আমির সরকার।

‘আজ দুপুরে আমির হোসেন সরকার ও রফিকুল ইসলাম নামের দুজনকে কুপিয়ে জখম করে স্থানীয় বিএনপি নেতা জব্বার, তারা মিয়া (২৮), আমিরুল (২৬), শামসুল হকের ছেলে আলী (২৫), জিহাদ (২২), খোকন মিয়া (২৬) সহ ১০-১২ জন। হাসপাতালে নেওয়ার পথে আমার ভাই মারা যায়। আমরা জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই।

নরসিংদী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. এমদাদুল হক বলেন, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে ঘটনা তদন্ত করছে। আধিপত্য নিয়ে দুই পক্ষের মধ্যে বিরোধের জেরে এ হত্যার ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। আইগত পদক্ষেপ প্রক্রিয়াধীন।

হত্যা ছাত্রলীগ পুলিশ প্রবাসী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:34

URL: <https://www.timestodaybd.com/dhaka/1262571240>